গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২৫.৬৭৮.১৩৫৭

তারিখঃ ২৩ পৌষ, ১৪৩২
০৭ জানুয়ারি ২০২৬

**বিষয়: রিট পিটিশন নং-১৮০২১/২০২৫ মামলায় ৮ নং বিবাদী হিসেবে গৃহিত পদক্ষেপের প্রমাণকসহ জনাব মোঃ দিদারুল ইসলাম, অধ্যক্ষ (চাকুরি হতে বরখাস্ত) সেতারা আব্বাস টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, মোরেলগঞ্জ, বাগেরহাটের চাকুরি হতে বরখাস্ত/এমপিও বাতিলকরণ সংক্রান্ত সকল তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলাধীন সেতারা আব্বাস টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ (চাকুরি হতে বরখাস্ত) জনাব মোঃ দিদারুল ইসলামকে অবৈধ ও বেআইনিভাবে অধ্যক্ষের পদ হতে অপসারণ করা হয়েছে মর্মে তিনি উক্ত অপসারণের প্রতিকার পাইবার কার্যকরী ব্যবস্থা গ্রহণ বিষয়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর আবেদন দাখিল করেন। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সূত্রোক্ত স্মারকে ৪ নং বিবাদী কর্তৃক 'বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা অনুযায়ী প্রতিষ্ঠান পরিচালনা, আর্থিক, প্রশাসনিক ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে ব্যবস্থাপনা কমিটির এখতিয়ারভুক্ত। এছাড়া, এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তি/এমপিও বাতিল/ পুনর্বহালের বিষয়টি কারিগরি শিক্ষা বোর্ডের এখতিয়ারভুক্ত নয়' মর্মে নিষ্পত্তি করা হয়। উক্ত নিষ্পত্তিতে জনাব মোঃ দিদারুল ইসলাম সংক্ষুব্ধ হয়ে অধ্যক্ষ হিসেবে চাকুরিতে পুনর্বহাল, বকেয়া বেতনসহ আর্থিক সকল সুবিধাদি প্রাপ্তির নিমিত্ত মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৮০২১/২০২৫ মামলা দায়ের করেন।

২। মামলায় বিবাদী হিসেবে ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ৪। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা, ৮। সভাপতি, গভর্নিং বডি, সেতারা আব্বাস টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, মোরেলগঞ্জ, বাগেরহাটসহ মোট ৮ (আট) জনকে পক্ষভুক্ত করা হয়েছে।

৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৮০২১/২০২৫ মামলায় ৮ নং বিবাদী হিসেবে প্রতিদ্বন্দ্বিতাকরণে সভাপতি, গভর্নিং বডি, সেতারা আব্বাস টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, মোরেলগঞ্জ, বাগেরহাট কর্তৃক গৃহিত পদক্ষেপের প্রমাণকসহ জনাব মোঃ দিদারুল ইসলাম, অধ্যক্ষ (চাকুরি হতে বরখাস্ত) এর চাকুরি হতে বরখাস্ত/এমপিও বাতিলকরণ সংক্রান্ত সকল তথ্যাদি সত্যায়িতপূর্বক আগামী ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে আইন সেলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭/০১/২৬

(ড. রেজা হাসান মাহমুদ)
সহকারী পরিচালক (অডিট ও আইন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

১। সভাপতি, গভর্নিং বডি
সেতারা আব্বাস টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ
মোরেলগঞ্জ, বাগেরহাট।

২। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সেতারা আব্বাস টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ
মোরেলগঞ্জ, বাগেরহাট।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। পরিচালক (পিআইইউ),কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
৪। উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট।
৫। সহকারী পরিচালক-১১ (এমপিও),কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ)।
৭। সংরক্ষণ নথি।